

# সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৬৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৭৮, ৪৮০]

৮/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩২৯। মসজিদ ও অন্যান্য স্থানে এক হাতের আঙুল অন্য হাতের আঙুল প্রবেশ করানো

باب تَشْبِيكِ الأَصابِعِ فِي الْمَسْجِدِ وَغَيْرِهِ

### আরবী

وَقَالَ عَاصِمُ بْنُ عَلِيٍّ حَدَّثَنَا عَاصِمُ بْنُ مُحَمَّد، سَمِعْتُ هَذَا الْحَدِيثَ، مِنْ أَبِي فَلَمْ أَحْفَظُهُ، فَقَوَّمَهُ لِي وَاقِدٌ عَنْ أَبِيهِ، قَالَ سَمِعْتُ أَبِي وَهُوَ، يَقُولُ قَالَ عَبْدُ اللَّهِ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " يَا عَبْدَ اللَّهِ بْنَ عَمْرٍو، كَيْفَ بِكَ إِذَا بَقِيتَ فِي حُتَالَةٍ مِنَ النَّاسِ بِهَذَا ".

#### বাংলা

৪৬৪। হামিদ ইবনু উমর (রহঃ) .... ইবনু উমর বা ইবনু আমর (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এক হাতের আঙুল অন্য এক হাতের আঙুলে প্রবেশ করান।

আসিম ইবনু আলী (রহঃ) থাকে বর্ণিত, আসিম ইবনু মুহাম্মদ (রহঃ) বলেনঃ আমি এ হদীস আমার পিতা থেকে শুনেছিলাম, কিন্তু আমি তা স্মরণ রাখতে পারিনি। এরপর এ হাদীসটি আমাকে ঠিকভাবে বর্ণনা করেন ওয়াকিদ (রহঃ) তাঁর পিতা থেকে। তিনি বলেনঃ আমার পিতাকে বলতে শুনেছি যে, আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) বলেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ হে আবদুল্লাহ ইবনু আমর! যখন তুমি নিকৃষ্ট লোকদের সাথে অবস্থান করবে, তখন তোমার অবস্থা কি হবে?

## **English**

Narrated Ibn `Umar or Ibn `Amr: The Prophet (sallallahu 'alaihi wa sallam) clasped his hands, by interlacing his fingers..

### ফুটনোট

হুমায়দী (রহঃ) তাঁর আল জাম'উ বাইনাস সাহিহাইন গ্রন্তে ইবনে উমর (রাঃ) থেকে বর্ণিত হদীসে এরূপ বর্ণনা করেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক হাতের আঙুল আর এক হাতের আঙুলে প্রবেশ করান এবং



বলেনঃ হে আবদুল্লাহ! যখন তুমি নিকৃষ্ট লোকদের মধ্যে অবস্থান করবে তখন তোমার অবস্থা কি হবে? তাদের অঙ্গীকার পূরণ করা হবে না ও আমানতে খেয়ানত করা হবে এবং তাদের মতানৈক্য দেখা দিবে। আর তার এরপ হয়ে যাবে এবং তিনি এক হাতের আঙুল আরেক হাতে প্রবেশ করান। আবদুল্লাহ (রাঃ) বললেনঃ ইয়া রাসূলাল্লাহ! তখন আমি কি করব? তিনি বললেন, যা তুমি শরী'আত সম্মত বলে জান তা গ্রহণ কর, আর যা শরী'আত বিরোধী বলে মনে করবে তা বর্জন করবে। আর তুমি নিজকে নিজে বাঁচাবে, আর সাধারণ লোককে তাদের অবস্থার উপর ছেড়ে দিবে। (উমাদাতুল কারী, ৪খ,পৃ-২২৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন